



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস রিলিজ

তারিখঃ ০৬/০২/২০১৭

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

উচ্চ শিক্ষার উদ্দেশ্য ও উপায়: একটি দার্শনিক পর্যালোচনা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়ের কলা ও মানবিক অনুষদের আয়োজনে দর্শন বিভাগের উদ্দ্যোগে আদ্য ৬ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ দুপুর ১২ ঘটিকায় কীর্তনখোলা হলে উচ্চ শিক্ষার উদ্দেশ্য ও উপায়: একটি দার্শনিক পর্যালোচনা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশিষ্ট দার্শনিক ইউজিসি প্রফেসর ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের প্রাক্তন শিক্ষক ড. গালিব আহসান খান। উপস্থিত শিক্ষার্থীদের উদ্দেশ্যে প্রফেসর ড. গালিব আহসান খান বলেন, প্রকৃত শিক্ষা অর্জনের মাধ্যমে আলোকিত মানুষ হও, শিক্ষার গুণগত মানটাই গুরুত্বপূর্ণ। প্রথাগত ডিপ্রিই উচ্চ শিক্ষা অর্জনের একমাত্র মাধ্যম নয়। উচ্চ শিক্ষার উদ্দেশ্য হচ্ছে মন ও মননশীলতার বিকাশ ঘটানো। শুধুমাত্র প্রথাগত ডিপ্রি দিয়েই আলোকিত মানুষ হওয়া যায় না। পৃথিবীর অনেক মহামান আছে যারা ডিপ্রিধারী শিক্ষিত না হয়েও মন ও মননশীলতায় তাঁরা উচ্চ শিক্ষিত। উচ্চ শিক্ষার বিষয় যেটাই হোক না কেন মন, মননশীলতা ও ব্যক্তিত্ববোধের বিকাশই উচ্চ শিক্ষা অর্জনের একমাত্র উপায়। সভাপতির বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, তোমদেরকে সুশিক্ষিত ও স্ব-শিক্ষিত হতে হবে। উচ্চ শিক্ষায় শিক্ষিত হতে হলে তোমাদের নিজেদেরকে উচ্চ মানের পর্যায়ে নিয়ে যেতে হবে। আর তাহলেই উচ্চ শিক্ষার যে লক্ষ্য ও উদ্দেশ্য তা বাস্তবায়িত হবে। দর্শন বিভাগের চেয়ারম্যান তানভীর কায়সারের সঞ্চালনায় বিভাগীয় শিক্ষকমণ্ডলী ছাড়াও সেমিনারে বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রহমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়
[\(b.university.pro@gmail.com\)](mailto:b.university.pro@gmail.com)